



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.tttc.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



স্মারক নং-টিটিটিসি/বিএসসি/একা-৮৩/০১১৫

তারিখঃ ১১/১২/২০২৩ ইং।

প্রথম বর্ষ বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস ও প্রি-সার্ভিস) কোর্সে

ভর্তি বিজ্ঞপ্তি (সেশনঃ ২০২১-২০২২)

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০২১-২০২২ সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২ (দুই) বছর মেয়াদী বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল) ইঞ্জিনিয়ারিং কোর্সে (ইন-সার্ভিস ও প্রি-সার্ভিস) প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভর্তির যোগ্যতাঃ


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল টেকনোলজীতে “ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন” সনদ প্রাপ্ত অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ আবেদন করতে পারবে। ২য় পর্ব সমাপনী পরীক্ষায় অংশ গ্রহনকারী ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন কোর্সের প্রশিক্ষার্থীগণ উত্তীর্ণ হওয়া সাপেক্ষে এবং ইতোপূর্বে উক্ত কোর্সে ভর্তির জন্য আবেদন করে ভর্তি হওয়ার সুযোগ হয় নাই তারাও আবেদন করতে পারবে।

আবেদনের নিয়মাবলিঃ

- ১। ভর্তি ইচ্ছুক প্রার্থী একাডেমিক শাখায় ৫০০/- (পাঁচ শত) টাকা জমা দিয়ে ১৩/১২/২০২৩ ইং তারিখ থেকে ০৩/০১/২০২৪ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা) ফরম সংগ্রহ করতে পারবে।
- ২। নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ পূর্বক এসএসসি, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশনের সার্টিফিকেট ও মার্কসীটের সত্যায়িত অনুলিপি, ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেটসহ আগামী ০৪/০১/২০২৪ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে পারবে।
- ৩। আবেদনকারীদের মধ্য থেকে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষার্থী নির্বাচন করা হবে।
- ৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৫। পূর্ণকালীন এই কোর্সে অধ্যয়নকালে অন্য কোন কোর্সে অধ্যয়ন বা চাকুরী করা যাবে না।
- ৬। চাকুরীরত প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র জমা দিতে হবে।
- ৭। ভর্তির সময়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন কোর্সের মূল সনদপত্র দেখাতে হবে।
- ৮। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য বাছাইকৃত প্রার্থীদের নামের তালিকা ১৪/০১/২০২৪ ইং তারিখ প্রকাশ হবে।
- ৯। লিখিত/মৌখিক পরীক্ষা ১৬/০১/২০২৪ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অংশ গ্রহণ করতে হবে।
- ১০। ১৭/০১/২০২৪ইং তারিখ চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের তালিকা নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে (www.tttc.edu.bd) প্রকাশ করা হবে।
- ১১। ভর্তি কার্যক্রম ১৮/০১/২০২৪ ইং হতে ৩১/০১/২০২৪ ইং তারিখ পর্যন্ত চলবে।
- ১২। ভর্তির সময় ১ম বর্ষের জন্য নির্ধারিত ৭,৩৪৫/= (সাত হাজার তিন শত পয়তাল্লিশ) টাকা ফি জমা দিতে হবে।
- ১৩। ভর্তি সংক্রান্ত তথ্য জানার জন্য কলেজের একাডেমিক শাখা ও মোবাইল নং ০১৫৫৩-৫৪৫৭৫১ তে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।
- ১৪। উল্লিখিত বিষয়ের আওতায় পড়েনা এমন সব বিষয়ে এবং ভর্তি সংক্রান্ত নিয়ম ও নীতিমালার বিষয়ে বিতর্কিত প্রশ্নে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। আগামী ০১/০২/২০২৪ ইং তারিখ ক্লাস শুরু হবে।


(প্রকৌঃ মোঃ আককাছ আলী সেখ)

অধ্যক্ষ
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন : ৫৮১৫১৭৭৮


০১/০২/২০২৩